

ঘ) সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'কেরায়া' ছোটো গল্পের 'এতিম' চরিত্রটি বিশ্লেষণ করো।

ঙ) মুনীর চৌধুরী রচিত 'কবর' নাটক অবলম্বনে 'ফকির' চরিত্রটির গুরুত্ব বিচার করো।

চ) 'বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত' প্রবন্ধে প্রাবন্ধিক আবু জাফর সামসুদ্দিন যে সাধারণ সিদ্ধান্তের কথা উল্লেখ করেছেন তার পরিচয় দাও।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

ক) আবু জাফর সামসুদ্দিন রচিত 'বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত'—প্রবন্ধের মূল বক্তব্যগুলি প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

খ) কবি দাউদ হায়দার রচিত 'তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে' — কবিতাটির মূল বক্তব্য কবিতা অবলম্বনে আলোচনা করো।

গ) আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'নিরুদ্দেশ যাত্রা' গল্পটির নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও।

ঘ) আহমদ শরীফ রচিত 'ভাষা-সংস্কার ও বাঙালি চেতনার বিকৃতি' প্রবন্ধে যে কথা সূত্রের উল্লেখ করেছেন তা আলোচনা করো।

540/Beng(C)O.S

UG/5th Sem/BNGH-DSE-T-2/25

২০২৫

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-2

(বাংলাদেশের সাহিত্য)

[CBCS]

(পুরাতন পাঠক্রম)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) কবি শামসুর রাহমান রচিত 'স্বাধীনতা তুমি' কবিতায় উল্লিখিত দু'জন কবির নাম লেখো।

খ) "... রামপ্রসাদের কাছে ক্ষমা প্রার্থনাপূর্বক/নিরঞ্জনের পৃথিবী"
— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন রচনার অংশ? রামপ্রসাদ কে ছিলেন?

গ) 'অনেকদিন বরফ মাথা জল খাই না'.... উদ্ধৃতাংশটি কার লেখা? কোন্ কবিতার অংশ?

- ঘ) “জীবন্ত একটি ছেলের মুখ দেখবার জন্যে একটি তীক্ষ্ণ আকাঙ্ক্ষা তার বুক ফেটে জাগে।” — কার লেখা, কোন্ গল্পের অংশ? কে জীবন্ত ছেলের মুখ দেখতে চায়?
- ঙ) ‘আকাশে জমেছে মেঘ, প্রতীক্ষায় কেটে গেল দিন —’
— উদ্ধৃতাংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? কার ‘প্রতীক্ষার’ কথা বলা হয়েছে?
- চ) “—ও তোমার দয়া ভিক্ষা করছে না — কঠিন মেহনত করে তোমার কাছ থেকে রুজিটা পাচ্ছে” — কে, কাকে এই উক্তিটি করেছেন? ‘ও’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- ছ) “সে তার দিকে অনেকক্ষণ তাকিয়ে থাকে।” — কে কার, দিকে তাকিয়ে থাকে? অংশটি কোন্ গল্পের অংশ?
- জ) “এখনো ঘুমোসনি বাবা, কতো রাত হয়ে গেছে, যাও শুয়ে পড়ো।” — কোন রচনার অংশ? কে, কাকে একথা বলেছে?
- ঝ) “নিষ্কলুষ রূপের পাতের মতো ডিমে-ভরা ইলিশের ঝাঁক সমুদ্র থেকে ছুটে আসছে স্রোতের উজান বেয়ে-ডিমে ছাড়তে পারার আগেই জলে আটকে তারা আছড়ে পড়ছে জেলেদের ডিঙি নৌকায়।” — কার লেখা? কোন রচনার অংশ?
- ঞ) “কিন্তু স্পষ্টত মুসলিম আমলে রচিত কাহিনীগুলিতে হিন্দু-মুসলিম নির্বিশেষে সকল ধর্ম, বর্ণ ও শ্রেণির মানুষকে সংসারী সাধারণ মানুষের দোষ-গুণে ভূষিত করা হয়েছে।” — কার লেখা, কোন্ প্রবন্ধের অন্তর্গত?
- ট) “বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত” প্রবন্ধটি কোথা থেকে গৃহীত হয়েছে? প্রবন্ধকারের নাম লেখো।

- ঠ) “ব্রিটিশ সরকার পাদ্রি ও ব্রিটিশ সহকারী ও সহযোগী হিন্দুরাই হিন্দুর ভাষা বাংলা মুসলিমদের উপর উনিশ শতকে চাপিয়ে দিয়েছে.....” — কোন প্রবন্ধের অন্তর্গত? কোন প্রসঙ্গে প্রাবন্ধিক একথা বলেছেন?
- ড) ‘বাসি মড়ার গন্ধ আমি চিনি না? এ লাশের গন্ধ অন্য রকম। ওযুধের, গ্যাসের, বারুদের গন্ধ।’ — কে, কার উদ্দেশ্যে একথা বলেছে? রচনাংশটির নাম লেখো।
- ঢ) “বুটা! তুমি কোনো পার্থক্য বোঝ না। কিচ্ছু চেন না। তুমি বাঁচার না-লায়েক। তোমার মতো জিন্দা আদমিকে কেউ দোয়া করে না।” — কে, কাকে একথা বলেছেন? কোন প্রসঙ্গে বলেছেন?
- ণ) “মা জন্ম দেয়, ভূমি জন্ম মুহূর্ত থেকেই কোল দেয়, লালন করে জন্ম-জীবন-মৃত্যু, আশ্রয় ধাত্রী-ধরিত্রীতে এর কোলই।”
— উদ্ধৃতাংশটি কার লেখা? কোন্ রচনার অংশ?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- ক) “... ওদিকে, বিশ্ববিস্তৃত বিষাদ ঘিরে আছে নদীমাতৃক বাংলাদেশ...” —
‘তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে?’ — কবিতায় কবির এরূপ ভাবনার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।
- খ) কবি শামসুর রাহমান রচিত ‘স্বাধীনতা তুমি’ কবিতাটির মূলভাব সংক্ষেপে লেখো।
- গ) হাসান আজিজুল হক রচিত ‘জননী’ গল্প অবলম্বনে ‘আয়েশা’ চরিত্রটি বিশ্লেষণ করো।